GOOGLE পরিষেবার শর্তাবলী

কার্যকর হওয়ার তারিখ ৩০ জুলাই, ২০২৬

আর্কাইভ করা সংস্করণ

## এই শর্তাবলীতে কী কী উল্লেখ করা আছে

# আমরা জানি যে পরিষেবার এই শর্তগুলি এড়িয়ে যেতে প্রলুব্ধ করছে, তবে Google পরিষেবা ব্যবহার করার কারণে আপনি আমাদের থেকে কী আশা করছেন এবং আমরা আপনার থেকে কী আশা করছি, তা বুঝে নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এই পরিষেবার শর্তাবলীর মাধ্যমে এগুলি বোঝানো হয়: Google-এর ব্যবসা কীভাবে চলে, আমাদের কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য আইন, এবং কতগুলি জিনিস যা আমরা চিরকাল সত্যি বলে বিশ্বাস করে এসেছি। তাই, আপনি আমাদের পরিষেবার সাথে ইন্টারেক্ট করার সময় Google-এর সাথে আপনার সম্পর্ক এই পরিষেবার শর্তাবলীর মাধ্যমে নির্ধারণ করা হয়। যেমন, এই শর্তাবলীতে নিম্নলিখিত বিষয়ের শীর্ষকগুলি অন্তর্ভুক্ত আছে:

- আপনি আমাদের থেকে কী আশা করেন, যেটি বর্ণনা করে যে আমরা কীভাবে আমাদের পরিষেবা দিই এবং সেটি বিকশিত করি
- আপনার কাছ থেকে আমরা কী প্রত্যাশা করি, এটি আমাদের পরিষেবা ব্যবহার করার কিছু নিয়ম নির্ধারণ করে
- Google পরিষেবাতে কন্টেন্ট, যেটি আমাদের পরিষেবাতে উপলব্ধ কন্টেন্টের জন্য প্রযোজ্য মেধা সম্পত্তির অধিকার বর্ণনা করে — এক্ষেত্রে কন্টেন্ট আপনার, Google-এর বা অন্য কোনও ব্যক্তির হতে পারে
- সমস্যা বা মতভেদের ক্ষেত্রে, যা আপনার কাছে থাকা অন্য আইনি অধিকারের বর্ণনা দেয়, এবং যদি কেউ এই শর্তাবলী লঙ্ঘন করে তাহলে কি প্রত্যাশা করতে পারেন

এই শর্তাবলী বুঝে নেওয়ার ব্যাপারটি গুরুত্বপূর্ণ, কারণ আমাদের পরিষেবা ব্যবহার করতে হলে আপনাকে অবশ্যই এই শর্তাবলী মেনে নিতে হবে। ভবিষ্যতের রেফারেন্সের জন্য আমরা আপনাকে এইসব শর্ত ডাউনলোড করতে উৎসাহ দিই। এইসব শর্ত এবং এগুলির আগের সমস্ত ভার্সন সব সময় আমরা এখানে উপলভ্য রাখি।

এই শর্তাবলীর পাশাপাশি আমরা গোপনীয়তা নীতি প্রকাশ করে থাকি। যদিও এটি এই শর্তাবলীর অংশ নয় তবুও আপনি কীভাবে আপডেট, নিয়ন্ত্রণ, এক্সপোর্ট করতে পারেন, এবং আপনার তথ্য মুছে ফেলতে পারেন সেটি আরো ভালোভাবে বোঝার জন্য আমরা আপনাকে এটি পড়তে উৎসাহিত করি।

# শর্তাদি

## পরিষেবা প্রদানকারী

ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চল (EEA) ও সুইজারল্যান্ডে Google-এর পরিষেবা যারা প্রদান করে:

Google Ireland Limited
আয়ারল্যান্ডের আইনের অধীনে নিগমবদ্ধ এবং পরিচালিত
(রেজিস্ট্রেশন নম্বর: 368047 / VAT নম্বর: IE6388047V)

Gordon House, Barrow Street
Dublin 4
Ireland

## বয়স সংক্রান্ত প্রয়োজনীয়তা

আপনার বয়স নিজের Google অ্যাকাউন্ট ম্যানেজ করার জন্য প্রয়োজনীয় বয়সসীমার থেকে কম হলে, Google অ্যাকাউন্ট ব্যবহার করার জন্য আপনাকে অবশ্যই আপনার পিতা-মাতা অথবা আইনানুযায়ী অভিভাবকের অনুমতি নিতে হবে। অনুগ্রহ করে আপনার পিতা-মাতা বা আইনানুযায়ী অভিভাবকের সাথে এই শর্তাবলী পড়ুন।

আপনি পিতা-মাতা বা আইনানুযায়ী অভিভাবক হলে, এই শর্তাবলীতে সম্মতি জানিয়ে থাকলে এবং আপনার সন্তানকে পরিষেবা ব্যবহার করার অনুমতি দিলে, প্রযোজ্য আইন দ্বারা অনুমোদিত সীমায়, আপনি পরিষেবাগুলিতে আপনার সন্তানের কার্যকলাপের জন্য দায়বদ্ধ থাকবেন।

কিছু Google পরিষেবার ক্ষেত্রে সেগুলির পরিষেবা নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী ও নীতিতে ব্যাখ্যা করা বয়স সংক্রান্ত অতিরিক্ত প্রয়োজনীয়তা থাকে।

---

# Google-এর সাথে আপনার সম্পর্ক

এইসব শর্ত আপনার সাথে Google-এর সম্পর্ক নির্ধারণ করতে সাহায্য করে। আমরা "Google", "আমরা", "আমাদের" এবং "আমাদের" কথা বললে Google Ireland Limited এবং তার অ্যাফিলিয়েট বোঝাবে। সাধারণভাবে বলতে গেলে, কীভাবে Google-এর ব্যবসা কাজ করে এবং আমরা অর্থ উপার্জন করি তা যেসব শর্ত থেকে বোঝা যায়, আপনি সেগুলি ফলো করার ব্যাপারে সম্মতি দিলে তবেই আমরা আপনাকে আমাদের পরিষেবা অ্যাক্সেস ও ব্যবহার করার অনুমতি দিই।

## আপনি আমাদের থেকে কী আশা করেন

### অনেক ধরনের উপযোগী পরিষেবা প্রদান করা

আমরা বিস্তৃত রেঞ্জের পরিষেবা দিই যেগুলিতে এইসব শর্ত প্রযোজ্য, যার মধ্যে রয়েছে:

- অ্যাপ ও সাইট (যেমন Search ও Maps)
- প্ল্যাটফর্ম (যেমন Google Shopping)
- ইন্টিগ্রেট করা পরিষেবা (যেমন অন্যান্য কোম্পানির অ্যাপ বা সাইটে এম্বেড করা Maps)
- ডিভাইস (যেমন Google Nest ও Pixel)

এইসব পরিষেবার মধ্যে অনেকগুলিতেই এমন কন্টেন্ট রয়েছে, যা আপনি স্ট্রিম করতে পারবেন অথবা যার সাথে আপনি ইন্টারঅ্যাক্ট করতে পারবেন।

একসাথে কাজ করার কথা ভেবে আমাদের পরিষেবা ডিজাইন করা হয়েছে যাতে আপনি সহজে একটি অ্যাক্টিভিটি থেকে অন্য অ্যাক্টিভিটিতে যেতে পারেন। যেমন, আপনার Calendar ইভেন্টে যদি কোনও ঠিকানা দেওয়া থাকে, সেটিতে ক্লিক করলে Maps আপনাকে দেখিয়ে দিতে পারবে কীভাবে সেখানে যাওয়া যায়।

## Google পরিষেবা ডেভেলপ, উন্নত ও আপডেট করুন

উপরে বর্ণিত এইসব শর্ত জুড়ে আমরা যদিও "পরিষেবা" শব্দটির বিস্তৃত সংজ্ঞা ব্যবহার করে থাকি, নির্দিষ্ট ক্ষেত্রে প্রযোজ্য আইন "ডিজিটাল কন্টেন্ট", "পরিষেবা" ও "পণ্য" শব্দগুলির মধ্যে সুস্পষ্ট বিভাজন রেখা টেনে দেয়। এই কারণেই এই বিভাগ ও আইনি গ্যারেন্টি বিভাগে আমরা আরও সুনির্দিষ্ট পরিভাষা ব্যবহার করে থাকি।

আরও উন্নত পরিষেবা দেওয়ার জন্য আমরা সবসময় নতুন প্রযুক্তি ও ফিচার ডেভেলপ করে চলেছি। যেমন, তাৎক্ষণিক অনুবাদ, এবং স্প্যাম ও ম্যালওয়্যার শনাক্ত করে ব্লক করার সুবিধা দিতে আমরা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও মেশিন লার্নিং ব্যবহার করে থাকি।

আমাদের ডিজিটাল কন্টেন্ট, পরিষেবা ও পণ্যের ক্রমবিবর্তনের অঙ্গ হিসেবে আমরা ফিচার যোগ করা বা বাদ দেওয়া, ব্যবহারের সীমা বাড়ানো বা কমানো, এবং নতুন ডিজিটাল কন্টেন্ট বা পরিষেবা প্রদান করা অথবা পুরনোগুলি বাদ দেওয়ার মতো পরিবর্তন করে থাকি। নিম্নলিখিত অন্যান্য কারণেও আমরা ডিজিটাল কন্টেন্ট অথবা পরিষেবায় বদল আনতে পারি:

- নতুন প্রযুক্তির সাথে মানিয়ে নেওয়া
- একটি নির্দিষ্ট পরিষেবা ব্যবহারকারীর সংখ্যা বাড়লে বা কমলে তা বুঝিয়ে দেওয়া
- অন্যদের সাথে থাকা আমাদের লাইসেন্স ও পার্টনারশিপে বড় পরিবর্তন হলে সেই ব্যাপারে জানিয়ে দেওয়া
- অপব্যবহার ও ক্ষতি রোধ করা
- আইনগত, নিয়ামক সম্পর্কিত, সুরক্ষা বা নিরাপত্তা সংক্রান্ত সমস্যা তৎপরতার সাথে বিবেচনা করা

আমাদের আইনি বাধ্যবাধকতা মেনে কিছু আপডেটও করতে হয়। এইসব পরিবর্তন আপনার ব্যবহার করা ডিজিটাল কন্টেন্ট, পরিষেবা বা পণ্যকে আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ রাখে এবং আইনি গ্যারেন্টি বিভাগে উল্লিখিত ন্যূনতম সময়সীমা পর্যন্ত এগুলি কার্যকর থাকে। সুরক্ষা বা নিরাপত্তার জন্য এবং আইনি গ্যারেন্টি বিভাগে যেভাবে বর্ণনা করা হয়েছে, সেই অনুযায়ী গুণমান সংক্রান্ত প্রত্যাশা পূরণের উদ্দেশ্যে আমরা ডিজিটাল কন্টেন্ট, পরিষেবা ও পণ্য আপডেট করে

থাকি। উল্লেখযোগ্য সুরক্ষা বা নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি তৎপরতার সাথে বিবেচনা করতে পারে, এমন আপডেট আমরা অটোমেটিক ইনস্টল করতে পারি। অন্য আপডেটগুলি আপনি আদৌ ইনস্টল করতে চান কিনা তা বেছে নিতে পারবেন।

আমরা যথাযথ প্রোডাক্ট গবেষণা কর্মসূচী বহাল রাখি, তাই আমরা কোনো পরিষেবা পরিবর্তন বা স্থগিত করার আগে, আমরা পরিবর্তন বা মুল্যহ্রাস-এর যৌক্তিকতা, একজন ব্যবহারকারী হিসাবে আপনার আগ্রহ, আপনার যুক্তিসঙ্গত প্রত্যাশা, এবং আপনার ও অন্যদের উপর সম্ভাব্য প্রভাব সযত্নে বিচার করি। শুধুমাত্র বৈধ কারণ থাকলে তবেই আমরা অফার করা কোনও পরিষেবা বদল বা বন্ধ করে থাকি।

পরিবর্তনের ফলে আমাদের ডিজিটাল কন্টেন্ট অথবা পরিষেবা অ্যাক্সেস করার ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়লে অথবা সার্বিকভাবে কোনও পরিষেবা অফার করা বন্ধ করে দিলে, আমরা আগে থেকে আপনাকে ইমেল করে ন্যায্য বিজ্ঞপ্তি পাঠাব — এর মধ্যে থাকবে বদলের বিবরণ ও সময়, এই পরিবর্তনের ফলে উল্লেখযোগ্য নেতিবাচক প্রভাব পড়লে, আমাদের সাথে আপনার চুক্তি শেষ করার অধিকারের বিষয়েও আমরা জানিয়ে দেব — জরুরি পরিস্থিতি যেমন, অপব্যবহার বা ক্ষতি প্রতিরোধ করা, আইনি প্রয়োজনে সাড়া দেওয়া অথবা নিরাপত্তা ও পরিচালন সংক্রান্ত সমস্যা এর অন্তর্ভুক্ত নয়। এছাড়াও, প্রযোজ্য আইন ও নীতি অনুযায়ী আমরা Google Takeout ব্যবহার করে আপনার Google অ্যাকাউন্ট থেকে আপনার কন্টেন্ট এক্সপোর্ট করার সুযোগ আপনাকে দেব।

## আপনার কাছ থেকে আমরা কী প্রত্যাশা করি

### এই শর্তাবলী এবং পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী ফলো করুন

আপনি যতক্ষণ নিম্নলিখিত শর্তাবলী মেনে চলবেন, ততক্ষণ আমাদের পরিষেবা অ্যাক্সেস ও ব্যবহার করে যাওয়ার অনুমতি আমরা আপনাকে দেব:

- **এইসব শর্ত**
- **পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী**, যাতে বয়স সংক্রান্ত অতিরিক্ত প্রয়োজনীয়তা থাকতে পারে

আপনি পিডিএফ ফর্ম্যাট-এ এই আইটেমগুলি দেখতে, কপি করতে এবং স্টোর করতে পারবেন। যখন আপনি নিজের Google অ্যাকাউন্টে সাইন-ইন করবেন, তখন এই শর্তাবলী এবং কোনো পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলীর আপনাকে মেনে চলতে হবে।

সাধারণ প্রশ্নের উত্তর দিতে ও আমাদের পরিষেবাগুলির ব্যবহার সম্পর্কে প্রত্যাশা স্থির করতে, আমরা বিভিন্ন নীতি, সহায়তা কেন্দ্র ও অন্যান্য রিসোর্স প্রদান করি। এইসব রিসোর্সের মধ্যে

আমাদের গোপনীয়তা নীতি, কপিরাইট সংক্রান্ত সহায়তা কেন্দ্র, নিরাপত্তা কেন্দ্র, ট্রান্সপারেন্সি সেন্টার ও আমাদের নীতি সাইট-এ উপলভ্য অন্যান্য পৃষ্ঠা পড়ে। পরিশেষে, আমাদের পরিষেবার মধ্যে আমরা নির্দিষ্ট নির্দেশাবলী ও সতর্কতা জারি করতে পারি – যেমন এমন ডায়ালগ বক্স যা গুরুত্বপূর্ণ তথ্য সম্পর্কে আপনাকে সতর্ক করে দেয়।

আমরা আপনাকে আমাদের পরিষেবা ব্যবহার করার অনুমতি দিলেও ওই পরিষেবায় কোনও মেধা সম্পত্তির অধিকার থাকলে সেটি আমাদের মালিকানার অধীনে থাকে।

## অন্যদের সম্মান দিন

আমরা সকলের জন্য সম্মানসূচক পরিবেশ বজায় রাখতে চাই, এর অর্থ হল আপনাকে এইসব প্রাথমিক আচরণবিধি অবশ্যই মেনে চলতে হবে:

- প্রযোজ্য আইন মেনে চলা, যার মধ্যে রয়েছে এক্সপোর্ট কন্ট্রোল, নিষেধাজ্ঞা ও মানুষ পাচার সংক্রান্ত আইন
- অন্যদের অধিকারকে সম্মান করা, যার মধ্যে রয়েছে গোপনীয়তা ও মেধা সম্পত্তির অধিকার
- অন্যদের বা নিজের অসম্মান অথবা ক্ষতি করবেন না (অথবা এই ধরনের অপব্যবহার বা ক্ষতির হুমকি দেবেন না বা তা করতে কাউকে উৎসাহিত করবেন না) — যেমন, অন্যদের বিপথে চালনা, প্রতারণা, বেআইনিভাবে ছদ্মবেশ ধারণ, অবমাননা, হয়রানি, হেনস্থা অথবা চুপিসাড়ে কাউকে অনুসরণ করা

আমাদের জেনারেটিভ AI-এর নিষিদ্ধ ব্যবহার সংক্রান্ত নীতি-র মতো পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী এবং নীতি উপযুক্ত আচরণ সম্পর্কে যেসব অতিরিক্ত বিবরণ দেয়, যারা এই পরিষেবা ব্যবহার করছেন তাদের প্রত্যেককে তা অবশ্যই মেনে চলতে হবে। অন্য কেউ এই নিয়ম মেনে চলছে না বলে দেখতে পেলে, আমাদের অনেক পরিষেবা আপনাকে অপব্যবহার সম্পর্কে অভিযোগ করতে দেয়। আমরা অপব্যবহার সংক্রান্ত অভিযোগ পেয়ে তার বিরুদ্ধে অ্যাকশন নিলে সমস্যা হলে অ্যাকশন নেওয়া বিভাগে বর্ণনা করা হয়।

## আমাদের পরিষেবাগুলির অপব্যবহার করবেন না

আমাদের পরিষেবা অ্যাক্সেস বা ব্যবহার করেন এমন বেশিরভাগ ব্যক্তিই ইন্টারনেট সুরক্ষিত রাখা ও নির্বিঘ্নে ব্যবহার করার সাধারণ নিয়ম সম্পর্কে জানেন। কিন্তু কিছু অল্প সংখ্যক ব্যক্তি আছেন যারা এইসব নিয়ম মানেন না, তাই অপব্যবহার থেকে আমাদের পরিষেবা ও ব্যবহারকারীদের রক্ষা করতে এখানে এটির বিবরণ দিচ্ছি। সেই অনুযায়ী:

আপনি আমাদের পরিষেবা অথবা সিস্টেমে কোনওভাবে অপব্যবহার, ক্ষতি, হস্তক্ষেপ করবেন না বা বিঘ্ন ঘটাবেন না — যেমন:

- ম্যালওয়্যার পাঠিয়ে
- স্প্যাম করে, হ্যাক করে অথবা আমাদের সিস্টেম বা সুরক্ষাব্যবস্থা এড়িয়ে
- আমাদের সুরক্ষা ও বাগ টেস্টিং প্রোগ্রাম ছাড়া জেলব্রেক, অ্যাডভার্সেরিয়াল প্রম্পট অথবা প্রম্পট ইনজেক্ট করে
- জাল অথবা বিভ্রান্তিকর উপায়ে আমাদের পরিষেবা অথবা কন্টেন্ট অ্যাক্সেস অথবা ব্যবহার যেমন:
    - ফিশিং
    - নকল রিভিউ সহ নকল অ্যাকাউন্ট অথবা কন্টেন্ট তৈরি করা
    - লোকজনকে বিভ্রান্ত ও বিপথে চালিত করা যাতে জেনারেটিভ AI কন্টেন্ট কোনও মানুষের তৈরি করা বলে তারা মনে করেন
    - এমন কোনও পরিষেবা দেওয়া যা আপনার (বা অন্য কারও) তৈরি করা বলে মনে হলেও আসলে সেটি আমাদের তৈরি করা
- এমন কোনও পরিষেবা দেওয়া যা আমাদের তৈরি করা বলে মনে হলেও সেটি আসলে আমাদের তৈরি নয়
- কারও মেধা সম্পত্তি অথবা গোপনীয়তা অধিকারের মতো আইনি অধিকার লঙ্ঘন করতে আমাদের পরিষেবা ব্যবহার করা (এর মধ্যে তাদের দেওয়া কন্টেন্ট অন্তর্ভুক্ত)
- প্রযোজ্য আইনে যেগুলি অনুমোদিত সেইসব ছাড়া আমাদের পরিষেবা বা আন্ডারলাইং প্রযুক্তির রিভার্স ইঞ্জিনিয়ারিং পদ্ধতি ব্যবহার করা, যেমন, আমাদের মেশিন লার্নিং মডেল ব্যবহার করে কারও ট্রেড সিক্রেট অথবা মালিকানা সংক্রান্ত অন্য কোনও তথ্য বের করা
- আমাদের ওয়েবপেজে মেশিনের মাধ্যমে পড়ার মতো নির্দেশিকা লঙ্ঘন করে আমাদের পরিষেবা থেকে অটোমেটিক উপায় ব্যবহার করে কন্টেন্ট অ্যাক্সেস করা (যেমন robots.txt ফাইল যেটি ক্রলিং, ট্রেনিং বা অন্য কোনও অ্যাক্টিভিটি করতে দেয় না)
- আমাদের পরিষেবার AI-জেনারেটেড কন্টেন্ট ব্যবহার করে মেশিন লার্নিং মডেল বা সেই সম্পর্কিত AI প্রযুক্তি ডেভেলপ করা
- এইসব শর্ত লঙ্ঘন করার উদ্দেশ্যে নিজের পরিচয় গোপন করা বা ভুল পরিচয় দেওয়া
- এমন পরিষেবা দেওয়া যা এইসব শর্ত লঙ্ঘন করার ব্যাপারে অন্যদের উৎসাহিত করে

## আপনার কন্টেন্ট ব্যবহারের অনুমতি

আমাদের কিছু পরিষেবা আপনার কন্টেন্ট আপলোড করতে, জমা দিতে, স্টোর করতে, পাঠাতে, গ্রহণ অথবা শেয়ার করতে দেয়। কোনও নির্দিষ্ট কন্টেন্ট আমাদের পরিষেবায় দেওয়ার ব্যাপারে আপনার আইনি বাধ্যবাধকতা নেই এবং যে কন্টেন্ট আপনি দিতে চান সেটি দিতে পারেন। আপনি কন্টেন্ট আপলোড অথবা শেয়ার করতে চাইলে আপনাকে নিশ্চিত হতে হবে যে সেটি করার অধিকার আপনার রয়েছে এবং ওই কন্টেন্ট বৈধ।

## লাইসেন্স

আপনার কন্টেন্ট আপনারই থাকবে, এর অর্থ হল কন্টেন্টের মেধা সম্পত্তির অধিকার আপনার নিজেরই থাকবে। যেমন, আপনার লেখা রিভিউয়ের মতো নিজের তৈরি কন্টেন্টের উপর মেধা সম্পত্তির অধিকার আপনার আছে। অথবা অন্য কোনও ব্যক্তি আপনাকে অনুমতি দিলে আপনি তার তৈরি করা কন্টেন্ট শেয়ার করতে পারেন।

মেধা সম্পত্তির অধিকারের ফলে আপনার কন্টেন্ট ব্যবহার করতে গিয়ে যদি আমরা সীমাবদ্ধতার সম্মুখীন হই তাহলে আমাদের আপনার থেকে অনুমতি নিতে হবে। এই লাইসেন্সের মাধ্যমে আপনি Google-কে সেই অনুমতি দিচ্ছেন।

### এই লাইসেন্সের আওতায় কী পড়ে

আপনার কন্টেন্ট মেধা সম্পত্তির অধিকার দিয়ে সুরক্ষিত থাকলে, এই লাইসেন্স সেটির উপর প্রযোজ্য হয়।

### যা এর আওতায় নেই

- আপনার ডেটা সংরক্ষণের অধিকার এই লাইসেন্সের ফলে খর্ব হয় না — এটি শুধুমাত্র মেধা সম্পত্তির অধিকার সম্পর্কিত
- এই ধরনের কন্টেন্ট এই লাইসেন্সের আওতায় পড়ে না:
    - স্থানীয় ব্যবসার ঠিকানার ভুল সংশোধন করার মতো আপনার প্রদান করা সর্বজনীনভাবে উপলভ্য বাস্তবিক তথ্য।

এই ধরনের তথ্যের জন্য লাইসেন্স প্রয়োজন হয় না, কারণ এটি সকলে জানে ও ব্যবহার করতে পারে এমন তথ্য।

- আপনার প্রদান করা মতামত, যেমন আমাদের পরিষেবা উন্নতি করার পরামর্শ। মতামত নিম্নে পরিষেবা-সম্পর্কিত যোগাযোগ বিভাগে কভার করা আছে।

## সুযোগ

এই লাইসেন্স:

- বিশ্বব্যাপী ব্যবহারযোগ্য, অর্থাৎ এই লাইসেন্স পৃথিবীর যেকোনও জায়গায় বৈধ
- একচেটিয়া নয়, অর্থাৎ আপনার কন্টেন্টের লাইসেন্স অন্য কাউকে দিতে পারবেন
- রয়্যালটি লাগবে না, অর্থাৎ এই লাইসেন্সের জন্য কোনও আর্থিক ফি লাগবে না

## অধিকার

এই লাইসেন্স Google-কে নিম্নলিখিত উদ্দেশ্য বিভাগে উল্লেখ করা সীমিত উদ্দেশ্যগুলি শুধু পূরণ করার অধিকার দেয়:

- আপনার কন্টেন্ট হোস্ট করা, আবার তৈরি করা, বিতরণ করা, যোগাযোগ এবং ব্যবহার করা — যেমন, আমাদের সিস্টেমে কন্টেন্ট সেভ করা এবং আপনি যে যে জায়গায় যান সেখান থেকে সেটি অ্যাক্সেস করার ব্যবস্থা করা
- যদি এবং শুধুমাত্র আপনি আপনার কন্টেন্টকে অন্যদের কাছে দৃশ্যমান করে থাকেন তবে এটিকে সর্বসমক্ষে উপলভ্য করুন
- এই এন্টিটিদের অধিকারগুলির সাবলাইসেন্স:
    - ডিজাইন হিসাবে পরিষেবাগুলির কাজ করার জন্য অন্য ব্যবহারকারীদের দেওয়া, যেমন আপনার বেছে নেওয়া লোকজনের সাথে আপনাকে ছবি শেয়ার করতে দেওয়া

- এই শর্তাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ যে চুক্তি কন্ট্র্যাক্টররা আমাদের সাথে করেছেন, তার সীমিত উদ্দেশ্য নিচের উদ্দেশ্য অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে

## উদ্দেশ্য

এই লাইসেন্স শুধু পরিষেবা অপারেট করার সীমিত উদ্দেশ্যের জন্য, অর্থাৎ ডিজাইন হিসাবে পরিষেবাগুলির কাজ করাকে অনুমোদন করা এবং নতুন ফিচার ও কার্যকারিতা তৈরি করা। এটিতে আপনার কন্টেন্ট বিশ্লেষণ করার জন্য স্বয়ংক্রিয় সিস্টেম ও অ্যালগরিদম-এর ব্যবহার অন্তর্ভুক্ত আছে:

- স্প্যাম, ম্যালওয়্যার ও বেআইনি কন্টেন্টের জন্য
- ডেটায় প্যাটার্নগুলি চিহ্নিত করা, যেমন Google Photos-এ সংশ্লিষ্ট ফটোগুলি একসাথে রাখতে কখন নতুন অ্যালবামের পরামর্শ দেয় সেটি নির্ধারণ করা
- আপনার জন্য পরিষেবা কাস্টমাইজ করতে আমরা সাজেশন দিই এবং পছন্দসই সার্চ ফলাফল, কন্টেন্ট এবং বিজ্ঞাপন দেখাই (আপনি বিজ্ঞাপনের সেটিংস থেকে এটি পরিবর্তন অথবা বন্ধ করতে পারেন)

যখন সামগ্রী পাঠানো, গ্রহণ করা হয় এবং যখন এটি সঞ্চয় করা হয় তখন এই বিশ্লেষণের কাজটি ঘটে থাকে।

## সময়কাল

যদি না আগে আমাদের পরিষেবা থেকে আপনার কন্টেন্ট আপনি সরিয়ে না দেন তাহলে আপনার কন্টেন্ট মেধা সম্পত্তির অধিকার দিয়ে সুরক্ষিত থাকা অবধি এই লাইসেন্স প্রযোজ্য হবে|

আপনি এই লাইসেন্সের আওতায় থাকা কোনও কন্টেন্ট আমাদের পরিষেবা থেকে সরিয়ে দিলে, যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আমাদের সিস্টেম সেটিকে আর সর্বজনীনভাবে অ্যাক্সেস করতে দেবে না। এর দুটি ব্যতিক্রম আছে:

- সরানোর আগে আপনি যদি অন্যদের সাথে আপনার কন্টেন্ট শেয়ার করে থাকেন। যেমন, আপনি বন্ধুর সাথে ফটো শেয়ার করে থাকলে সে যদি তার কপি বানায় অথবা আবার শেয়ার করে, তাহলে আপনার বন্ধুর Google অ্যাকাউন্টে সেই ফটো দেখা যেতে পারে। আপনি Google অ্যাকাউন্ট থেকে সেই ফটো সরিয়ে নিলেও তা দেখা যাবে।
- আপনি যদি অন্য কোম্পানির পরিষেবার মাধ্যমে আপনার কন্টেন্ট উপলভ্য করান তবে Google Search সহ সেই সার্চ ইঞ্জিনগুলি, তাদের সার্চের ফলাফলের অংশ হিসেবে সেটি খোঁজা ও দেখানো চালিয়ে যাবে।

---

# Google-এর পরিষেবা ব্যবহার করা

## আপনার Google অ্যাকাউন্ট

আপনি বয়স সংক্রান্ত এই প্রয়োজনীয়তা পূরণ করলে, সুবিধার জন্য একটি Google অ্যাকাউন্ট তৈরি করতে পারেন। কিছু পরিষেবা ব্যবহার করতে আপনার একটি Google অ্যাকাউন্ট প্রয়োজন — যেমন Gmail ব্যবহার করার জন্য, আপনার একটি Google অ্যাকাউন্ট প্রয়োজন যাতে আপনার ইমেল পাঠানো বা পাওয়ার জন্য জায়গা থাকে।

আপনার Google অ্যাকাউন্টকে সুরক্ষিত রাখার জন্য যথাসাধ্য ধাপ গ্রহণ করা সহ সেটি ব্যবহার করে আপনি যা করেন তার দায়িত্ব আপনার, এবং আমরা আপনাকে নিয়মিতভাবে নিরাপত্তা যাচাই ব্যবহার করার জন্য উৎসাহিত করি।

## কোনও সংস্থা বা ব্যবসার হয়ে Google পরিষেবা ব্যবহার করা

অনেক সংগঠন, যেমন ব্যবসায়িক সংস্থা, অলাভজনক প্রতিষ্ঠান এবং স্কুল আমাদের পরিষেবার সুবিধা নেয়। কোনও প্রতিষ্ঠানের হয়ে আমাদের পরিষেবা ব্যবহার করতে গেলে:

- সেই প্রতিষ্ঠানের একজন বৈধ প্রতিনিধি এই শর্তাবলীতে সম্মতি দেবে
- আপনার প্রতিষ্ঠানের অ্যাডমিনিস্ট্রেটর আপনাকে একটি Google অ্যাকাউন্ট অ্যাসাইন করতে পারে। ওই অ্যাডমিনিস্ট্রেটর আপনাকে অতিরিক্ত নিয়ম ফলো করতে বলতে পারে এবং আপনার Google অ্যাকাউন্ট অ্যাক্সেস বা বন্ধ করতে পারে।

আপনি ইউরোপীয় ইউনিয়নের অধিবাসী হলে, ইউরোপীয় ইউনিয়নের প্ল্যাটফর্ম-টু-বিজনেস নিয়ম-এর অধীনে Google Play-র মতো অনলাইন প্ল্যাটফর্ম সহ−অনলাইন মধ্যস্থতাকারী পরিষেবার ব্যবসায়িক ব্যবহারকারী হিসেবে আপনার যে অধিকার আছে এই শর্তাবলী তা প্রভাবিত করে না।

## পরিষেবা সংক্রান্ত যোগাযোগ

আমরা পরিষেবা প্রদান ও তা আরও উন্নত করার অংশ হিসেবে, আপনাকে কখনও কখনও পরিষেবা সংক্রান্ত ঘোষণা ও সেই সম্পর্কিত তথ্য পাঠাই। আমরা কীভাবে আপনার সাথে যোগাযোগ করি সেই সম্পর্কে আরও জানতে Google-এর গোপনীয়তা নীতি দেখুন।

আপনি আমাদের মতামত, যেমন আমাদের পরিষেবা ভাল করার সাজেশন দিতে চাইলে, আমরা আপনার মতামতের উপর ভিত্তি করে পদক্ষেপ নিতে পারি। সেক্ষেত্রে আপনার প্রতি কিন্তু আমাদের কোনও আইনগত বাধ্যবাধকতা থাকবে না।

## মোবাইল, ওয়াই-ফাই ও অন্যান্য নেটওয়ার্ক কানেকশনের খরচ

আপনি পরিষেবা বা ডিভাইস ব্যবহার না করলেও Google পরিষেবা ঘন ঘন ইন্টারনেট ব্যবহার করতে পারে। Google বিভিন্ন উদ্দেশ্যে এই পদ্ধতিতে ইন্টারনেট ব্যবহার করে — যেমন, সফ্টওয়্যার আপডেট প্রদান করা এবং Google-এর পরিষেবা, নিরাপত্তা, ব্যবহারকারীর অভিজ্ঞতা এবং/অথবা বিজ্ঞাপনসহ Google-এর অপারেশন উন্নত করা। এইসব ব্যবহারের জন্য আপনার মোবাইল, ওয়াই-ফাই এবং/অথবা অন্যান্য নেটওয়ার্ক কানেকশনের উপর নির্ভর করতে হয় এবং আপনার মোবাইল বা ইন্টারনেট পরিষেবা প্রদানকারীর সাথে ডেটা অ্যালাউন্সের হিসেবে গণনা করা হতে পারে। এইসব নেটওয়ার্কের ব্যবহার ও এর সাথে যুক্ত খরচের দায়িত্ব আপনার। আপনি

হয়ত নিজের মোবাইল বা ইন্টারনেট পরিষেবা প্ল্যান এবং ডিভাইস ও নেটওয়ার্ক সেটিংস চেক করতে চাইবেন।

# Google পরিষেবায় কন্টেন্ট

## আপনার কন্টেন্ট

আমাদের কিছু পরিষেবা আপনাকে অরিজিনাল কন্টেন্ট তৈরি করার অনুমতি দেয়। Google ওই কন্টেন্টের মালিকানা দাবি করবে না।

আমাদের কিছু পরিষেবা আপনাকে সর্বজনীনভাবে আপনার কন্টেন্ট প্রকাশ করার সুযোগ দেয় — যেমন আপনার লেখা প্রোডাক্ট বা রেস্তোরাঁর রিভিউ পোস্ট করা বা আপনার তৈরি ব্লগ পোস্ট আপলোড করা।

- আপনার কন্টেন্ট ব্যবহার করার অনুমতি বিভাগটি দেখে নেওয়ার মাধ্যমে আপনার কন্টেন্টে-এ আপনার অধিকার এবং আমাদের পরিষেবায় আপনার কন্টেন্ট কীভাবে ব্যবহার করা হচ্ছে সেই সম্পর্কে জানুন
- আমাদের পরিষেবা থেকে ব্যবহারকারীর তৈরি করা কন্টেন্ট আমরা কেন ও কীভাবে সরিয়ে দিই তা জানতে আপনার কন্টেন্ট সরানো বিভাগ দেখুন

আপনার যদি মনে হয়, কেউ আপনার মেধা সম্পত্তির অধিকার লঙ্ঘন করছে, তাহলে আপনি আমাদের কাছে লঙ্ঘনের নোটিশ পাঠাতে পারেন এবং আমরা সেক্ষেত্রে উপযুক্ত পদক্ষেপ নেব। যেমন, আমাদের কপিরাইট সহায়তা কেন্দ্রে-এর বর্ণনা অনুযায়ী বারবার করা কপিরাইট-এর লঙ্ঘনকারীদের Google অ্যাকাউন্ট আমরা স্থগিত করি অথবা বন্ধ করে দিই।

## Google কন্টেন্ট

আমাদের কিছু পরিষেবাতে Google-এর অন্তর্গত কন্টেন্ট থাকে — যেমন Google Maps-এ আপনার দেখা অনেক ভিজ্যুয়াল চিত্র। এই শর্তাবলী ও কোনো পরিষেবা নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী দ্বারা অনুমোদিত Google-এর কন্টেন্ট আপনি ব্যবহার করতে পারেন, তবে আমরা আমাদের কন্টেন্টে বিদ্যমান মেধা সম্পত্তির অধিকার বজায় রাখি। আমাদের ব্র্যান্ডিং, লোগো বা আইনি বিজ্ঞপ্তি-এর কোনোটি অপসারণ, অস্পষ্ট বা পরিবর্তন করবেন না। আমাদের ব্র্যান্ডিং বা লোগো ব্যবহার করতে চাইলে, অনুগ্রহ করে Google ব্র্যান্ড অনুমতি পৃষ্ঠাটি দেখুন।

## অন্যান্য কন্টেন্ট

পরিশেষে, আমাদের কিছু পরিষেবা আপনাকে অন্য লোক অথবা প্রতিষ্ঠানের কন্টেন্ট অ্যাক্সেস করতে দেয় — যেমন, কোনও স্টোর মালিকের নিজের ব্যবসার দেওয়া বর্ণনা অথবা Google News-এ দেখানো কোনও সংবাদপত্রের প্রতিবেদন। আপনি এই কন্টেন্টটি ওই ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের অনুমতি ছাড়া বা অন্যথায় আইনের অনুমোদন ছাড়া ব্যবহার করতে পারবেন না। অন্য লোক অথবা প্রতিষ্ঠানের কন্টেন্টে প্রকাশিত মতামতগুলি তাদেরই, এবং অগত্যা Google-এর দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করে না।

# Google পরিষেবায় সফ্টওয়্যার

আমাদের কিছু পরিষেবায় ডাউনলোড করা যাবে এমন অথবা প্রিলোড করা সফ্টওয়্যার অন্তর্ভুক্ত থাকে। পরিষেবার অঙ্গ হিসেবে আমরা আপনাকে ওই সফ্টওয়্যার ব্যবহার করার অনুমতি দিচ্ছি।

আমরা আপনাকে যে লাইসেন্স দিই সেটি:

- বিশ্বব্যাপী ব্যবহারযোগ্য, অর্থাৎ এই লাইসেন্স পৃথিবীর যেকোনও জায়গায় বৈধ
- একচেটিয়া নয়, অর্থাৎ সফটওয়্যারের লাইসেন্স আমরা অন্য কাউকে দিতে পারি
- রয়্যালটি ছাড়া, অর্থাৎ এই লাইসেন্সের জন্য কোনও আর্থিক ফি লাগবে না
- ব্যক্তিগত, যার অর্থ হল এটি অন্যের ক্ষেত্রে প্রযোজ্য নয়
- হস্তান্তরযোগ্য নয়, যার অর্থ হল আপনি অন্য কাউকে লাইসেন্স হস্তান্তর করতে পারবেন না

ওপেন সোর্স লাইসেন্সের শর্তাধীনে আমাদের কিছু পরিষেবার সফ্টওয়্যার আপনাকে ব্যবহার করতে দেওয়া হয়। কখনও কখনও ওপেন সোর্স লাইসেন্সে কিছু ব্যবস্থার উল্লেখ থাকে যেগুলি এই শর্তাবলীর অংশবিশেষকে স্পষ্টভাবে ওভাররাইড করে। তাই সেই লাইসেন্সগুলি পড়তে ভুলবেন না।

আমাদের পরিষেবা বা সফ্টওয়্যারের কোনও অংশ আপনি কপি, পরিবর্তন, বিতরণ, বিক্রি করতে অথবা লিজ দিতে পারবেন না।

---

## সমস্যা বা মতভেদের ক্ষেত্রে

আইন ও এইসব শর্ত, এই দুটিই আপনাকে (১) নির্দিষ্ট মানের পরিষেবা এবং (২) কোনও সমস্যা হলে সেই সমস্যার সমাধান করার অধিকার দেয়। আপনি গ্রাহক হলে, প্রযোজ্য আইন অনুযায়ী গ্রাহকদের জন্য থাকা সমস্ত আইনি অধিকার আপনি পাবেন, একই সাথে পরিষেবা-নির্দিষ্ট আইনি অধিকার অনুসারে অতিরিক্ত কোনও অধিকার দেওয়া হলে সেটিও পাবেন।

### আইনি গ্যারেন্টি

আপনি EEA-এর সাথে সম্পর্কিত ক্রেতা হলে এবং আমাদের পরিষেবার শর্তাবলী মেনে নিয়ে থাকলে, EEA গ্রাহক সংক্রান্ত আইন আপনাকে আইনি গ্যারেন্টি দেবে যার মধ্যে রয়েছে আমাদের দেওয়া ডিজিটাল কন্টেন্ট, পরিষেবা বা পণ্য। এই গ্যারেন্টি থাকায়, আপনি কোনও অসামঞ্জস্য দেখতে পেলে তার জন্য আমরা দায়বদ্ধ থাকি:

- পণ্য (যেমন ফোন) ডেলিভারি অথবা ডিজিটাল কন্টেন্ট বা পরিষেবা (যেমন কোনও মুভি কেনা) সরবরাহ করার দু'বছরের মধ্যে
- ডিজিটাল কন্টেন্ট অথবা পরিষেবার (যেমন Maps অথবা Gmail) এর “একটানা” সরবরাহ চলাকালীন যেকোনও সময়

আপনার দেশের আইন আরও বেশি সময়ের জন্য এই গ্যারেন্টি দিতে পারে। এইসব আইনি গ্যারেন্টি থেকে পাওয়া আপনার অধিকার, আমাদের দেওয়া অন্য কোনও বাণিজ্যিক গ্যারেন্টি

খর্ব করে না। আপনাকে যে গ্যারেন্টি দেওয়া হয়েছে, সেই অধিকার থেকে কোনও দাবি করতে চাইলে, আমাদের সাথে যোগাযোগ করুন।

# দায়বদ্ধতা

## সব ব্যবহারকারীর জন্য

এইসব শর্ত যেসব বাধ্যবাধকতা সীমিত করে না:

- প্রতারণা অথবা জালিয়াতির উদ্দেশ্যে মিথ্যা বর্ণনা
- অবহেলার কারণে মৃত্যু বা ব্যক্তিগত আঘাত
- সার্বিক অবহেলা
- ইচ্ছাকৃত অসদাচরণ

এছাড়াও, এইসব শর্ত প্রোডাক্টের বাধ্যবাধকতা সংক্রান্ত আইনের মধ্যে আপনার অধিকার সীমিত করে না।

Google, তার প্রতিনিধি অথবা এজেন্টের সামান্য অবহেলার জন্য যদি সম্পত্তির কোন ক্ষতি বা আর্থিক লোকসান হয়, তাহলে Google শুধুমাত্র এরূপ অত্যাবশ্যক চুক্তির আইনগত বাধ্যবাধকতার লঙ্ঘনের জন্য দায়ী হবে যেটির পূর্বানুমান চুক্তির নিষ্পত্তির সময় করা যেতে পারে। অত্যাবশ্যক চুক্তির আইনগত বাধ্যবাধকতা হল এমন ধরনের বাধ্যবাধকতা যা অবশ্যই চুক্তির ক্ষেত্রে পূর্বশর্ত হিসেবে পূরণ করতে হবে এবং যেগুলি সংশ্লিষ্ট পক্ষগুলি বিশ্বাস করতে পারে যে পূরণ করা হবে। যদিও এটির কারণে কোনও ক্ষতি হলে তার জন্য আপনার প্রমাণ দেওয়ার দায়িত্ব বদলাবে না।

## শুধুমাত্র ব্যবসায়িক ব্যবহারকারী এবং প্রতিষ্ঠানের জন্য

আপনি ব্যবসায়িক ব্যবহারকারী অথবা প্রতিষ্ঠান হলে:

- বেআইনিভাবে পরিষেবা ব্যবহার করা অথবা এইসব শর্ত বা পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী লঙ্ঘন করা বা এর সাথে সম্পর্কিত হলে, যেকোনও থার্ড-পার্টি আইনি মামলার ক্ষেত্রে (সরকারি প্রতিষ্ঠানের নেওয়া অ্যাকশন সহ) প্রযোজ্য আইনে যতটা অনুমোদন করা রয়েছে, সেই মতো আপনাকে Google ও তার নির্দেশক, আধিকারিক, কর্মী, ও ঠিকাদারদের ক্ষতিপূরণ দিতে হবে। এই ক্ষতিপূরণের মধ্যে রয়েছে যেকোনও বাধ্যবাধকতা বা দাবি করার

ফলে উদ্ভূত খরচ, লোকসান, ক্ষয়ক্ষতি, আদালতের রায়, জরিমানা, মামলার খরচ ও আইনি ফি। তবে Google-এর পক্ষ থেকে শর্তাবলী লঙ্ঘন করা, অবহেলা বা ইচ্ছাকৃত অসদাচরণ থেকে হওয়া কোনও খরচ বা বাধ্যবাধকতার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

- আইনি কারণে ক্ষতিপূরণ সহ আপনাকে কিছু দায়িত্ব পালন করতে না হলে, এই শর্তাবলীর অধীনে সেই দায়িত্বগুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় না। যেমন, রাষ্ট্রসঙ্ঘকে কিছু আইনি বাধ্যবাধকতা মানতে হয় না এবং এই শর্তাবলী সেগুলি ওভাররাইড করে না।

## সমস্যা হলে অ্যাকশন নেওয়া

নিচে উল্লিখিত অ্যাকশন নেওয়ার আগে আমরা আপনাকে যথাসম্ভব ন্যায্য অগ্রিম বিজ্ঞপ্তি দেব, আমাদের অ্যাকশনের কারণ বিশদে জানাব এবং এটি স্পষ্টভাবে জানানোর এবং তা সমাধান করার সুযোগ দেব, যদি না নির্দিষ্ট ও জোরালো কারণ থাকে যে এমনটি করলে তার ফলে:

- ব্যবহারকারী, থার্ড-পার্টি বা Google-এর ক্ষতি করে বা তাদের জন্য বাধ্যবাধকতা সৃষ্টি করে
- আইন বা আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের আদেশ লঙ্ঘন করা
- তদন্তে সমঝোতা করা
- আমাদের পরিষেবার অপারেশন, ইন্টিগ্রিটি বা নিরাপত্তা ক্ষতিগ্রস্ত করে

### আপনার কন্টেন্ট সরানো হচ্ছে

যুক্তিযুক্ত ও বাস্তবসম্মত কারণের উপর নির্ভর করে আপনার কন্টেন্ট (1) এই শর্তাবলী, পরিষেবা নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী বা নীতি লঙ্ঘন, (2) প্রযোজ্য আইন লঙ্ঘন বা (3) আমাদের ব্যবহারকারী, থার্ড-পার্টি বা Google-এর ক্ষতি করতে পারে বলে আমরা মনে করলে, প্রযোজ্য আইনানুযায়ী সেই কন্টেন্টের কিছু অংশ বা সম্পূর্ণ সরানোর অধিকার আমাদের আছে। উদাহরণ হিসেবে বলা যায়, শিশু পর্নোগ্রাফি, এমন কন্টেন্ট যা মানুষ পাচার বা নিগ্রহে সহায়তা করে, সন্ত্রাসবাদ সম্পর্কিত কন্টেন্ট, এবং এমন কন্টেন্ট যা অন্য কোনও ব্যক্তির মেধা সম্পত্তির অধিকার লঙ্ঘন করে।

### Google পরিষেবাতে আপনার অ্যাক্সেস স্থগিত রাখা বা বন্ধ করা

আমাদের অন্যান্য অধিকার সীমিত না করে, ওইসব পরিষেবায় Google আপনার অ্যাক্সেস সাসপেন্ড অথবা বন্ধ করে দিতে পারে অথবা এইসব বিষয়ের কোনও একটি ঘটলে আপনার Google অ্যাকাউন্ট মুছে দিতে পারে:

- আপনি প্রাসঙ্গিকভাবে বা বারবার এই শর্তাবলী, পরিষেবা নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী বা নীতিসমূহ লঙ্ঘন করেছেন

- আইনি প্রয়োজন অথবা আদালতের আদেশ মেনে চলতে আমাদের এমন কাজ করার দরকার হয়

- এটি বিশ্বাস করার নির্দিষ্ট এবং জোরালো কারণ রয়েছে যে আপনার আচরণ যেমন, হ্যাকিং, ফিশিং, হয়রানি, স্প্যামিং, অন্যদের ভুল বোঝানো অথবা আপনার নয় এমন কন্টেন্ট কপি করার কাজগুলি ব্যবহারকারী, থার্ড পার্টি অথবা, Google-এর ক্ষতি অথবা দায়বদ্ধতার কারণ হয়ে উঠেছে

আমরা কেন অ্যাকাউন্ট বন্ধ করে দিই এবং আমরা তা করলে কী ঘটে সে ব্যাপারে আরও তথ্যের জন্য এই সহায়তা কেন্দ্র পৃষ্ঠা দেখুন। আপনার Google অ্যাকাউন্ট ভুল করে সাসপেন্ড বা বন্ধ করে দেওয়া হয়েছে বলে মনে করলে, আপনি আবেদন করতে পারবেন।

অবশ্যই, আপনি যেকোনও সময় আমাদের পরিষেবা ব্যবহার করা বন্ধ করে দিতে পারেন। এছাড়াও, আপনি EEA-এর সাথে সম্পর্কিত গ্রাহক হলে, রাজি হওয়ার ১৪ দিনের মধ্যে আপনি নিজেকে এইসব শর্ত থেকে সরিয়ে নিতে পারবেন। আপনি কোনও পরিষেবা ব্যবহার করা বন্ধ করে দিলে আমরা কারণ জানতে চাইব যাতে আমরা পরিষেবা আরও উন্নত করার কাজ চালিয়ে যেতে পারি।

## বিবাদের নিষ্পত্তি, পরিচালনাকারী আইন ও আদালত

Google-এ কী ভাবে যোগাযোগ করবেন সেই তথ্যের জন্য, দয়া করে আমাদের যোগাযোগ পৃষ্ঠাতে যান।

আপনি ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চল (EEA) অথবা সুইজারল্যান্ডের বাসিন্দা অথবা প্রতিষ্ঠান হলে এই শর্তাবলী এবং এই শর্তাবলীর আওতায় Google-এর সাথে আপনার সম্পর্ক এবং পরিষেবা নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী আপনার বসবাসকারী দেশের আইন দ্বারা পরিচালিত হবে এবং আপনি স্থানীয় আদালতের দ্বারস্থ হতে পারবেন। আপনি EEA-অবস্থিত গ্রাহক হলে, সমস্যা সমাধানের জন্য সরাসরি আমাদের সাথে যোগাযোগ করুন। গ্রাহক আরবিট্রেশন বোর্ডের সামনে বিবাদ মীমাংসার কার্যক্রমে Google অংশগ্রহণ করতে ইচ্ছুক বা বাধ্য নয়।

# এই শর্তাবলী সম্পর্কে

আইন অনুযায়ী, আপনার নির্দিষ্ট অধিকার রয়েছে যা পরিষেবার এই শর্তগুলির মত চুক্তির মাধ্যমে সীমাবদ্ধ হতে পারে না। এই শর্তাবলীর উদ্দেশ্য কোনওভাবেই সেই অধিকারকে ক্ষুণ্ন করা নয়।

আমরা এই শর্তগুলির অর্থ বোঝা সহজ বানাতে চাই, তাই আমাদের পরিষেবা থেকে আমরা উদাহরণগুলি ব্যবহার করেছি। কিন্তু এখানে উল্লিখিত সব পরিষেবা আপনার দেশে উপলভ্য নাও থাকতে পারে।

আমরা এই শর্তাবলী এবং পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী আপডেট করতে পারি (1) যাতে আমাদের পরিষেবায় পরিবর্তন হলে অথবা আমরা কীভাবে ব্যবসা করি সেটি বোঝা যায় — যেমন, (2) আইনি, রেগুলেটরি অথবা নিরাপত্তাজনিত কারণে অথবা (3) অপব্যবহার অথবা ক্ষতি ঠেকাতে আমরা নতুন পরিষেবা, ফিচার, প্রযুক্তি, দাম অথবা সুবিধা (অথবা পুরনোগুলি সরিয়ে দিই) যোগ করে থাকি।

আমরা এইসব শর্ত অথবা পরিষেবা-নির্দিষ্ট অতিরিক্ত শর্তাবলী পরিবর্তন করলে, সেগুলি কার্যকর হওয়ার আগে কমপক্ষে ১৫ দিনের অগ্রিম বিজ্ঞপ্তি দেব। পরিবর্তনের বিষয়ে আপনাকে জানানোর সময় আমরা শর্তাবলীর নতুন ভার্সন দিয়ে দেব এবং কোথায় উল্লেখযোগ্য পরিবর্তন করা হয়েছে সেটি চিহ্নিত করে দেব। পরিবর্তন কার্যকর হওয়ার আগে আপত্তি না তুললে আমরা ধরে নেব যে আপনি পরিবর্তিত শর্তাবলী মেনে নিয়েছেন। কীভাবে আপত্তি জানাবেন, সেটি আমাদের বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা থাকবে। পরিবর্তন আপনি নাও মেনে নিতে পারেন, সেক্ষেত্রে পরিবর্তন আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে না, তবে চুক্তি বাতিল করার অন্যান্য সব শর্ত প্রযোজ্য হলে আপনার সাথে সম্পর্ক ছিন্ন করার অধিকার আমাদের থাকবে। এছাড়াও, যেকোনও সময় আপনার Google অ্যাকাউন্ট বন্ধ করে দিয়ে আমাদের সাথে সম্পর্ক ছিন্ন করে দিতে পারবেন।

# প্রত্যাহার সংক্রান্ত EEA-এর নির্দেশাবলী

আপনি EEA-এর সাথে সম্পর্কিত গ্রাহক হলে, EEA-এর গ্রাহক সংক্রান্ত আইনে *ইউরোপীয় ইউনিয়নের প্রত্যাহার সংক্রান্ত আদর্শ নির্দেশাবলীতে* বর্ণিত নিয়মে আপনি এই চুক্তি প্রত্যাহার করার অধিকার পাবেন।

## প্রত্যাহারের অধিকার

কোনও কারণ না দেখিয়ে, ১৪ দিনের মধ্যে এই চুক্তি প্রত্যাহার করে নেওয়ার অধিকার আপনার রয়েছে।

চুক্তি চূড়ান্ত হওয়ার ১৪ দিন পরে প্রত্যাহারের মেয়াদ শেষ হয়ে যায়।

প্রত্যাহারের অধিকার প্রয়োগ করতে হলে, স্পষ্ট বিবৃতি দিয়ে এই চুক্তি প্রত্যাহারের বিষয়ে আপনার সিদ্ধান্ত অবশ্যই আমাদের জানাতে হবে (যেমন ডাকযোগে চিঠি পাঠিয়ে বা ইমেল করে)। আপনি account-withdrawal@google.com এই ইমেল আইডিতে ইমেল করে; +353 1 533 9837 নম্বরে ফোন করে (নির্দিষ্ট দেশের জন্য টেলিফোন নম্বর জানতে নিচে দেখুন); অথবা Google Ireland Limited, Gordon House, Barrow Street, Dublin 4, Ireland ঠিকানায় চিঠি পাঠিয়ে আমাদের সাথে যোগাযোগ করতে পারবেন। অ্যাটাচ করা প্রত্যাহারের মডেল ফর্ম আপনি ব্যবহার করতে পারেন, তবে এটি আবশ্যিক নয়। এছাড়াও, আপনি g.co/EEAWithdrawalForm লিঙ্কে গিয়ে অনলাইনে আপনার নাম প্রত্যাহার করার অধিকার কার্যকর করতে পারবেন। আপনি এই অনলাইন ফিচার ব্যবহার করলে, আমরা দেরি না করে স্থায়ী মাধ্যম (যেমন ইমেল) ব্যবহার করে প্রত্যাহারের প্রাপ্তিস্বীকারের কথা জানিয়ে দেব। এর মধ্যে থাকবে এর কন্টেন্ট এবং জমা দেওয়ার তারিখ ও সময়।

প্রত্যাহারের চূড়ান্ত সময়সীমা মেনে চলার জন্য, প্রত্যাহারের মেয়াদ শেষ হওয়ার আগে, প্রত্যাহারের অধিকার প্রয়োগ করা সংক্রান্ত বিষয়টি জানিয়ে দেওয়াই আপনার দিক থেকে যথেষ্ট।

## প্রত্যাহার করার প্রভাব

আপনি এই চুক্তি প্রত্যাহার করে নিলে, কোনও রকম অযৌক্তিক দেরি না করে এবং কোনও ক্ষেত্রেই এই চুক্তি প্রত্যাহারের সিদ্ধান্ত আমাদের জানানোর ১৪ দিনের ভিতরে, ডেলিভারি করার খরচ (ব্যতিক্রম হল, আমাদের অফার করা স্ট্যান্ডার্ড ডেলিভারির পরিবর্তে অন্য ধরনের ডেলিভারির আপনি পছন্দ করে থাকলে, সেক্ষেত্রে ন্যূনতমের চেয়ে যে অতিরিক্ত খরচ হয়, সেটি ফেরত দেওয়া হয় না) সহ আপনার থেকে পাওয়া সব পেমেন্ট আমরা ফেরত দিয়ে দেব। অন্য কোনও পদ্ধতিতে টাকা ফেরত পাওয়ার ব্যাপারে আপনি সম্মত না হলে, ট্রানজ্যাকশন করার সময় প্রথমে যে পেমেন্ট পদ্ধতি আপনি ব্যবহার করেছিলেন, সেই পদ্ধতি ব্যবহার

করেই আমরা আপনাকে টাকা ফেরত দেব এবং এর জন্য আপনাকে কোনও ফি দিতে হবে না।

## প্রত্যাহারের মডেল ফর্ম

(চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নিতে চাইলে, শুধুমাত্র তখনই এই ফর্মটি পূরণ করে পাঠান)

— প্রাপক, Google Ireland Limited, Gordon House, Barrow Street, Dublin 4, Ireland, account-withdrawal@google.com:

— এতদ্বারা আমি বিজ্ঞপ্তি দিয়ে জানাচ্ছি যে, নিম্নলিখিত পরিষেবা বিক্রি করার চুক্তি আমি প্রত্যাহার করছি, ______________

— অর্ডারের তারিখ, ______________

— উপভোক্তার নাম, ______________

— উপভোক্তার ঠিকানা, ______________

— উপভোক্তার স্বাক্ষর (কেবলমাত্র এই ফর্ম কাগজে বিজ্ঞাপিত হলে), ______________

— তারিখ ______________

## এইসব শর্ত প্রত্যাহার করার জন্য Google-এর সাথে যোগাযোগ করুন

| দেশ | ফোন নম্বর |
|---|---|
| অস্ট্রিয়া | 0800 001180 |
| অলান্ড দ্বীপপুঞ্জ | 0800 526683 |
| বেলজিয়াম | 0800 58 142 |

| | |
|---|---|
| বুলগেরিয়া | 0800 14 744 |
| ক্যানারি দ্বীপপুঞ্জ | +34 912 15 86 27 |
| কুউটা এবং মেলিলা | +34 912 15 86 27 |
| ক্রোয়েশিয়া | 0800 787 086 |
| সাইপ্রাস | 80 092492 |
| চেকিয়া | 800 720 070 |
| ডেনমার্ক | 80 40 01 11 |
| এস্তোনিয়া | 8002 643 |
| ফিনল্যান্ড | 0800 520030 |
| ফ্রান্স | 0 805 98 03 38 |
| ফরাসী গায়ানা | 0805 98 03 38 |
| ফরাসী পলিনেশিয়া | +33 1 85 14 96 65 |
| ফরাসী দক্ষিণাঞ্চল | +33 1 85 14 96 65 |
| জার্মানি | 0800 6270502 |
| গ্রীস | 21 1180 9433 |
| গুয়াদেলৌপ | 0805 98 03 38 |
| হাঙ্গেরি | 06 80 200 148 |
| আইসল্যান্ড | 800 4177 |
| আয়ারল্যান্ড | 1800 832 663 |
| ইতালি | 800 598 905 |
| লাটভিয়া | 80 205 391 |

| | |
|---|---|
| লিচেনস্টেইন | 0800 566 814 |
| লিথুয়ানিয়া | 0 800 00 163 |
| লাক্সেমবার্গ | 800 40 005 |
| মাল্টা | 8006 2257 |
| মার্টিনিক | 0805 98 03 38 |
| মায়োত্তে | +33 1 85 14 96 65 |
| নেদারল্যান্ডস | 0800 3600010 |
| নিউ ক্যালেডোনিয়া | +33 1 85 14 96 65 |
| নরওয়ে | 800 62 068 |
| পোল্যান্ড | 800 410 575 |
| পর্তুগাল | 808 203 430 |
| রিইউনিয়ন | 0805 98 03 38 |
| রোমানিয়া | 0800 672 350 |
| স্লোভাকিয়া | 0800 500 932 |
| স্লোভানিয়া | 080 688882 |
| স্পেন | 900 906 451 |
| সেন্ট বার্থেলেমি | +33 1 85 14 96 65 |
| সেন্ট মার্টিন | +33 1 85 14 96 65 |
| সেন্ট পিয়ের ও মিকুয়েলন | +33 1 85 14 96 65 |
| স্বালবার্ড ও জান মেয়েন | 800 62 425 |
| সুইডেন | 020-012 52 41 |

| | |
|---|---|
| ভ্যাটিকান সিটি | 800 599 102 |
| ওয়ালিস ও ফুটুনা | +33 1 85 14 96 65 |

সংজ্ঞাগুলি

## অ্যাফিলিয়েট

Google-এর কোম্পানি গ্রুপের অন্তর্ভুক্ত এন্টিটি, যার অর্থ Google LLC এবং Google Ireland Limited, Google Commerce Limited ও Google Dialer Inc সহ তার অধীনস্থ যেসব সব কোম্পানি ইউরোপীয় ইউনিয়নে গ্রাহক পরিষেবা প্রদান করে।

## আইনি গ্যারেন্টি

আইনি গ্যারেন্টি হল আইনের অধীন এমন একটি প্রয়োজনীয়তা, যা একজন বিক্রেতা বা ট্রেডারের ডিজিটাল কন্টেন্ট, পরিষেবা বা কোনও পণ্যে খুঁত থাকলে (অর্থাৎ সামঞ্জস্যের অভাব) সে জন্য তাকে দায়বদ্ধ করে।

## আপনার কন্টেন্ট

আমাদের পরিষেবা ব্যবহার করে আপনি যা তৈরি ও আপলোড করেন, জমা দেন, স্টোর করেন, পাঠান, পান বা শেয়ার করেন, যেমন:

- আপনার তৈরি করা Docs, Sheets এবং Slides
- Blogger-এর মাধ্যমে আপনার আপলোড করা ব্লগ পোস্ট
- Maps-এর মাধ্যমে আপনার জমা দেওয়া রিভিউ

- Drive-এ আপনার স্টোর করা ভিডিও
- Gmail-এর সাহায্যে ইমেল পাঠানো ও পাওয়া
- Photos-এর মাধ্যমে বন্ধুদের সাথে আপনার শেয়ার করা ছবি
- Google-এর সাথে শেয়ার করা আপনার ভ্রমণের গন্তব্য

## ইউরোপীয় ইউনিয়নের প্ল্যাটফর্ম-টু-বিজনেস নিয়ম

অনলাইন ইন্টারমিডিয়েশন পরিষেবার ব্যবসায়িক ব্যবহারকারীদের জন্য সততা ও স্বচ্ছতা-র প্রচারের প্রবিধান (ইইউ) 2019/1150।

## কপিরাইট

আইনি অধিকার, নির্দিষ্ট সীমা ও ব্যতিক্রম অনুসারে, নিজের সৃষ্টি করা কাজ (যেমন ব্লগ পোস্ট, ফটো বা ভিডিও) অন্য কেউ ব্যবহার করলে তা কীভাবে করতে পারবেন, সে ব্যাপারে ক্রিয়েটরকে অনুমতি দিতে দেয়।

## ক্ষতিপূরণ দেওয়া অথবা খেসারত

কোনও আইনি প্রক্রিয়া যেমন মামলা ইত্যাদির ফলে অন্য কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠানের লোকসান হলে একজন ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষতির ক্ষতিপূরণ দেওয়ার জন্য চুক্তিগত বাধ্যবাধকতা।

## গ্রাহক

একজন ব্যক্তি যিনি তার লেনদেন, ব্যবসা, শিল্প অথবা পেশার বাইরে ব্যক্তিগত, অ-বাণিজ্যিক উদ্দেশ্যে Google পরিষেবা ব্যবহার করেন। ইউরোপীয় ইউনিয়ন কনজিউমার রাইটস ডায়রেক্টিভের ২.১ নম্বর ধারা অনুযায়ী “গ্রাহক”-এর সংজ্ঞা ঠিক করা হয়েছে। (ব্যবসায়িক ব্যবহারকারী দেখুন)

## ট্রেডমার্ক

ব্যবসায় ব্যবহৃত প্রতীক, নাম, এবং ছবি যা কোনো ব্যক্তির অথবা প্রতিষ্ঠানের পণ্য বা পরিষেবাকে অন্যদের থেকে আলাদা করতে সক্ষম।

## ডিসক্লেমার

কারুর আইনি দায়বদ্ধতা সীমিত করে এমন বিবৃতি।

## পরিষেবা

যেসব Google পরিষেবায় এইসব শর্তাবলী প্রযোজ্য সেইসব প্রোডাক্ট ও পরিষেবা https://policies.google.com/terms/service-specific-লিঙ্কে তালিকাভুক্ত এবং এর মধ্যে আছে:

- অ্যাপ ও সাইট (যেমন Search ও Maps)
- প্ল্যাটফর্ম (যেমন Google Shopping)
- ইন্টিগ্রেট করা পরিষেবা (যেমন অন্য কোম্পানির অ্যাপ বা ওয়েবসাইটে এম্বেড করা Maps)
- ডিভাইস ও অন্যান্য পণ্য (যেমন Google Nest)

এইসব পরিষেবার মধ্যে অনেকগুলিতেই এমন কন্টেন্ট রয়েছে, যা আপনি স্ট্রিম করতে পারবেন অথবা যার সাথে আপনি ইন্টার‍্যাক্ট করতে পারবেন।

## ব্যবসায়িক গ্যারেন্টি

ব্যবসায়িক গ্যারেন্টি হল সামঞ্জস্যের জন্য দেওয়া আইনি গ্যারেন্টির উপরে অতিরিক্ত ঐচ্ছিক প্রতিশ্রুতি। কোম্পানি ব্যবসায়িক গ্যারেন্টি অফার করে যেখানে মেনে নেওয়া হয় (ক) নির্দিষ্ট পরিষেবা দেওয়া হবে অথবা (খ) ত্রুটিপূর্ণ আইটেমের ক্ষেত্রে রিপেয়ার, বদলানো অথবা রিফান্ড করা হবে।

## ব্যবসায়িক ব্যবহারকারী

কোনও ব্যক্তি বা সত্তা যে গ্রাহক নয় (গ্রাহক কাকে বলে দেখুন)।

## মেধা সম্পত্তির অধিকার (IP অধিকার)

একজন মানুষের সৃজনশীলতা যেমন আবিষ্কার (পেটেন্ট অধিকার), সাহিত্যিক ও শৈল্পিক কাজ (কপিরাইট), ডিজাইন (ডিজাইনের উপর অধিকার) এবং ব্যবসায় (ট্রেডমার্ক) ব্যবহার করা প্রতীক, নাম ও ছবির উপর অধিকার। আপনি, অন্য কোনও ব্যক্তি অথবা সংগঠন মেধা সম্পত্তি সংক্রান্ত অধিকার পেতে পারে।

## সংস্থা

একটি আইনি সত্ত্বা (যেমন কর্পোরেশন, অলাভজনক প্রতিষ্ঠান বা বিদ্যালয়) এবং কোনও স্বতন্ত্র ব্যক্তি নয়।

## সামঞ্জস্যের অভাব

কোনও কিছুর কীভাবে কাজ করা উচিত এবং প্রকৃতপক্ষে সেটি কীভাবে কাজ করে, এই দুইয়ের পার্থক্যের সংজ্ঞা দেয় এমন একটি আইনি ধারণা। এই আইনের অধীনে, কোনও কিছুর কীভাবে কাজ করা উচিত সেটির ভিত্তি হল বিক্রেতা বা ট্রেডারের দেওয়ার বর্ণনা, তা এটির সন্তোষজনক কোয়ালিটি ও কার্য-সম্পাদনা হোক বা এই ধরনের আইটেম সাধারণভাবে যে কাজে ব্যবহার করা হয় তার উপযোগিতার ভিত্তিতে হোক।